

## 💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ আযান (الأذان)

রচয়িতা/সঙ্গলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## একামত (الإقامة)

'একামত' (খুয়াকা) অর্থ দাঁড় করানো। উপস্থিত মুছল্লীদেরকে ছালাতে দাঁড়িয়ে যাওয়ার হুঁশিয়ারী শুনানোর জন্য 'একামত' দিতে হয়। জামা'আতে হউক বা একাকী হউক সকল অবস্থায় ফরয ছালাতে আযান ও একামত দেওয়া সুন্নাত।[14]

হযরত আব্দুল্লাহ বিন যায়েদ (রাঃ) প্রমুখাৎ আবুদাউদে বর্ণিত পূর্বোক্ত হাদীছ অনুযায়ী একামতের কালেমা ১১টি। যথা :

- ১. আল্লা-হু আকবার (২ বার)
- ২. আশহাদু আল লা-ইলা-হা ইল্লাল্লা-হ,
- ৩. আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লা-হ,
- 8. হাইয়া 'আলাছ ছালা-হ,
- ৫. হাইয়া 'আলাল ফালা-হ,
- ৬. কাদ কা-মাতিছ ছালা-হ, (২ বার),
- ৭. আল্লা-হু আকবার (২ বার),
- ৮. লা ইলা-হা ইল্লাল্লা-হ = সর্বমোট ১১ ।[15]

উচ্চকণ্ঠের অধিকারী হওয়ায় রাসূলুল্লাহ (ছাঃ) বেলাল (রাঃ)-কে 'আযান' দিতে বলেন এবং প্রথম স্বপ্ন বর্ণনাকারী আব্দুল্লাহ বিন যায়েদ (রাঃ)-কে 'একামত' দিতে বলেন। আনাস (রাঃ) বলেন, বেলালকে দু'বার করে আযান ও একবার করে একামত দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল'।[16] এইভাবে ইসলামের ইতিহাসে দু'বার করে আযান ও একবার করে একামত-এর প্রচলন হয়। ৮ম হিজরী সনে মক্কা বিজয়ের পর মদ্বীনায় ফিরে এসে রাসূলুল্লাহ (ছাঃ) বেলালকে মসজিদে নববীতে স্থায়ীভাবে মুওয়ায্যিন নিযুক্ত করেন। ১১ হিজরী সনে রাসূলুল্লাহ (ছাঃ)-এর মৃত্যুর পরে বেলাল (রাঃ) সিরিয়ায় হিজরত করেন এবং নিজ শিষ্য সা'দ আল-কারায়কে মদ্বীনায় উক্ত দায়িত্বে রেখে যান। হযরত আব্দুল্লাহ বিন ওমর (রাঃ) বলেন,

كَانَ الْأَذَانُ عَلَى عَهْدِ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّتَيْنِ مَرَّتَيْنِ وَالْإِقَامَةُ مَرَّةً غَيْرَ أَنَّهُ كَانَ يَقُوْلُ قَدْ قَامَتِ الصَّلَاةُ قَدْ قَامَتِ الصَّلَاةُ قَدْ قَامَتِ الصَّلَاةُ عَلَيْهِ وَالنسائي ــ

'রাসূলুল্লাহ (ছাঃ)-এর যামানায় আযান দু'বার ও একামত একবার করে দেওয়ার রেওয়াজ ছিল, 'কাদ কা-মাতিছ ছালা-হ' দু'বার ব্যতীত। [17]

প্রকাশ থাকে যে, এখানে দু'বার আল্লা-হু আকবার-কে একটি জোড়া হিসাবে 'একবার' (মার্রাতান) গণ্য করা হয়েছে। তাছাড়া 'আল্লাহ' (বাা) শব্দের হামযাহ (।) 'ওয়াছ্লী' হওয়ার কারণে প্রথম 'আল্লা-হু আকবার'-এর সাথে



পরের 'আল্লা-হু আকবার' মিলিয়ে পড়া যাবে। একবার 'কাদ কা-মাতিছ ছালাহ' এবং প্রথমে ও শেষে একবার করে 'আল্লা-হু আকবার' বলার মতামতিটি 'শায' (شان ) যা অগ্রহণযোগ্য।[18] কেননা আবুদাউদে আযান ও একামতের কালেমা সমূহের যথাযথ বিবরণ প্রদত্ত হয়েছে।[19]

ইমাম খাত্ত্বাবী বলেন, মক্কা-মদ্বীনা সহ সমগ্র হিজায়, সিরিয়া, ইয়ামন, মিসর, মরক্কো এবং ইসলামী বিশ্বের প্রত্যন্ত অঞ্চলে একবার করে একামত দেওয়ার নিয়ম চালু আছে এবং এটাই প্রায় সমস্ত ওলামায়ে ইসলামের মাযহাব।[20] ইমাম বাগাভী বলেন, এটাই অধিকাংশ বিদ্বানের মাযহাব। [21] দু'বার একামত-এর রাবী হযরত আবু মাহযূরাহ (রাঃ) নিজে ও তাঁর পুত্র হযরত বেলাল (রাঃ) -এর অনুসরণে একবার করে 'একামত' দিতেন।[22]

## ফুটনোট

- [14] . নাসাঈ হা/৬৬৭-৬৮; আবুদাউদ, নাসাঈ, মিশকাত হা/৬৬৫, 'আযানের ফ্যীলত' অনুচ্ছেদ-৫।
- [15] . আবুদাউদ হা/৪৯৯, 'আওনুল মা'বৃদ হা/৪৯৫।
- [16] . মুত্তাফারু 'আলাইহ, মিশকাত হা/৬৪১, 'ছালাত' অধ্যায়-৪, 'আযান' অনুচ্ছেদ-৪।
- [17] . আবুদাঊদ, নাসাঈ, দারেমী, মিশকাত হা/৬৪**৩**।
- [18] . নায়লুল আওত্বার, 'আযানের বিবরণ' অনুচ্ছেদ, ২/১০৬।
- [19] . আবুদাউদ হা/৪৯৯, 'ছালাত' অধ্যায়-২, 'কিভাবে আযান দিতে হয়' অনুচ্ছেদ-২৮।
- [20] . 'আওনুল মা'বূদ ২/১৭৫, হা/৪৯৫-এর আলোচনা দ্রস্টব্য।
- [21] . নায়লুল আওত্বার 'আযানের বিবরণ' অনুচ্ছেদ, ২/১০৬।
- [22] . আবুদাউদ ('আওনুল মা'বূদ সহ), হা/৪৯৫-এর ভাষ্য পৃঃ ২/১৭৫ দ্রষ্টব্য।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9189

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন